# হরমুজ প্রণালিতে মাইনে ধাক্কা, তেলবাহী ট্যাংকারে বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে একটি নৌমাইনে ধাক্কা খেয়ে তেলবাহী একটি ট্যাংকারে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। ইরানের তাসনিম নিউজ এজেন্সির দাবি, তেহরানের নির্ধারিত রুট থেকে সরে যাওয়ার পর জাহাজটি মাইনে আঘাতপ্রাপ্ত হয়।

তবে এ ঘটনায় এখন পর্যন্ত ইরানি কর্তৃপক্ষের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। ইরানি সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদনে বলা হয়েছে, ইরানি কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় না করে হরমুজ প্রণালি পার হওয়ার সময় ট্যাংকারটি নির্ধারিত পথ থেকে বিচ্যুত হয়। এরপরই এটি একটি নৌমাইনে ধাক্কা খেয়ে বিস্ফোরিত হয়।

তাসনিমের প্রতিবেদনে বলা হয়েছে, ইরান এর আগে একাধিকবার সতর্ক করে জানিয়েছিল, জাহাজগুলো নির্ধারিত রুট থেকে সরে গেলে তার পরিণতি তাদেরই ভোগ করতে হবে।

এর আগে ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) কয়েকটি জাহাজ আটক বা হামলার পর জানিয়েছিল, হরমুজ প্রণালি দিয়ে চলাচল করতে হলে সব জাহাজকে ইরানি কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করতে হবে। একই সঙ্গে ইরান নির্ধারিত রুট অনুসরণ করেই জাহাজ চলাচলের নির্দেশনাও দেওয়া হয়েছিল।

LENS ASIA